নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইবন উম্মে মাকতুমকে প্রতিনিধি বানিয়েছেন, যে মানুষদের ইমামতি করত, অথচ তিনি অন্ধ ছিলেন।

আনাস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত: নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইবন
উম্মে মাকতুমকে প্রতিনিধি বানিয়েছেন, যে মানুষদের ইমামতি করত, অথচ তিনি অন্ধ ছিলেন। [সহীহ] [এটি আবূ দাঊদ বর্ণনা করেছেন। - এটি আহমাদ বর্ণনা করেছেন।]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আব্দুল্লাহ ইবন উম্মে মাকতুমকে (মদিনায়) তার প্রতিনিধি বানিয়ে কোন এক সফরে বের হয়েছেন, ফলে তার অবর্তমানে তিনি তার প্রতিনিধি হিসেবে মানুষের সালাত পড়াতেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অন্যদের বাদ দিয়ে তাকে পছন্দ করেছেন, কারণ তিনি ইসলপামে প্রবীণ। তিনি মুহাজিরীনে আউয়ালীন থেকে এবং আলেম ও জ্ঞানী। এ সব গুণ ও অন্যান্য গুণের কারণে ইমাম হওয়ার যোগ্য বিবেচিত হলো। আর উম্মে মাকতুমকে শুধু সালাতের দায়িত্বশীল বানাননি। বরং সালাত ও অন্যান্য বিষয়েও তিনি দায়িত্বশীল ছিলেন। তিনি ফতোওয়া দিতেন, মানুষের মাঝে বিচার ফায়সালা করতেন, রাসূলের অনুপুস্থিতিতে মদীনা বাসীর যাবতীয় কার্যক্রম পরিচালনা করতেন। তাবরানী আতা থেকে এবং তিনি ইবন আব্বাস রাদিয়াল্লাহু আনহু থেকে যে বর্ণনা করেন তা তার প্রমাণ: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইবন উম্মে মাকতুমকে সালাত ও মদিনার অন্যান্য বিষয়ের ওপর প্রতিনিধি বানান। আল্লামা আলবানী হাদীসটিকে ইরওয়াউল গালীলে হাসান বলেছেন। আবূ দাউদের অপর একটি বর্ণনায় আছে: নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইবন উম্মে মাকতুমকে মদীনার ওপর দুইবার প্রতিনিধি বানান।

http://www.sunnah.global/hadeeth/bn/show/11308